

১১৫

সম্পাদক সম্মিলন

মতামতের জন্য সম্পাদক দায়ী নন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম প্রসঙ্গে

দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম থেকে পবিত্র কোরআনের "রাব্বী জিদনী ইলমান" অংশটুকু বাদ দেয়া হয়েছে বলে বিগত ১৯ আগস্ট জাতির উদ্দেশে রেডিও ও টেলিভিশনে প্রদত্ত ভাষণে প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ অত্যন্ত আক্ষেপ করেছেন। উল্লেখ্য, স্বাধীনতার পর তৎকালীন শাসকচক্র উক্ত মনোগ্রাম থেকে এ অংশটুকু বাদ দিয়েছিলেন এবং

এভাবে তা সেভাবেই রয়েছে। আশা করি উক্ত মনোগ্রামে পবিত্র কোরআনের পরিত্যক্ত অংশটুকু পুনঃসংযোজন করে প্রেসিডেন্টসহ দেশবাসীর আক্ষেপ দূর করতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সচেষ্ট হবেন।

—মিজানুর রহমান (মিজান),
বাসা নং-৫৩, পশ্চিম মণিপুর,
মিরপুর, ঢাকা।

ডিগ্রী পরীক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৮৭ সনের ডিগ্রী পরীক্ষা না পিছানোর জন্য ৩ সেপ্টেম্বর দৈনিক ইনকিলাবে জনৈক পত্র লেখক দাবী করেছেন। পরীক্ষা না পিছানোর দাবীতে পত্র লেখকের বক্তব্যে আমরা বিস্মিত হয়েছি।

এই ধ্বংসযজ্ঞের মাধ্যমে পরীক্ষা অনুষ্ঠানের দাবীর পেছনে কোন যুক্তি নেই। দেশের বর্তমান পরিস্থিতির আলোকে ডিগ্রী পরীক্ষা আরো দেড়মাস পিছিয়ে নেয়ার জন্য আমরা কর্তৃপক্ষের শুভদৃষ্টি আকর্ষণ করছি।

পরীক্ষার্থীদেরপক্ষে—
ফিরোজ আহমেদ উইয়া,
সিরাজদী থা, মুন্সীগঞ্জ।

দেশের সিংহভাগ এলাকা যেখানে সর্বনাশা বন্যাকবলিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে লেখাপড়া বন্ধ সেখানে

গফরগাঁও-এ ডিগ্রী পরীক্ষা কেন্দ্র চালু না করার আবেদন

গফরগাঁও-এ ডিগ্রী পরীক্ষার কেন্দ্র চালু হচ্ছে জেনে খুবই অবাক হলাম। গত কয়েক বছর যাবৎ এসএসসি, এইচএসসি এবং মাদ্রাসা বোর্ডের নিয়ন্ত্রণাধীন দাখিল পরীক্ষায় অবাধ নকল হচ্ছে সেই গফরগাঁয়েই ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন যুক্তিতে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র দেবার চিন্তা-ভাবনা করছেন তা আমাদের বোধগম্য নয়। গত এসএসসি ও এইচএসসি পরীক্ষার অবাধ নকলের চিত্র স্বচক্ষে না দেখলে কোন বিবেক-বুদ্ধিসম্পন্ন মানুষ বিশ্বাস করতে পারবে না। পরীক্ষা শুরু সাথে সাথেই অধিকাংশ পরীক্ষার্থী প্রলপ্সসমেত খাতা বাইরে নিয়ে বিভিন্ন ছাত্রাবাস এবং বাসায় নিয়ে লিখে জমা দিয়েছে। সেখানে

কর্তব্যরত শিক্ষকগণ অসহায় নীরব দর্শকের ভূমিকা পালন করেছেন মাত্র। গত এইচএসসি পরীক্ষার নকল ঠেকাতে ময়মনসিংহের জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা প্রশাসক গফরগাঁয়ে গিয়েছিলেন দাঙ্গা-পুলিশ বাহিনীসহ কিন্তু সেখানের ছাত্র-জনতা এবং পরীক্ষার্থীদের চাপের মুখে তারা পিছু হটতে বাধ্য হয়েছিলেন। এই হলো গফরগাঁয়ে পরীক্ষার অসদুপায় অবলম্বনের করুণ চিত্র। এমতাবস্থায় গফরগাঁয়ে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র চালু করা তিক হবে না।

—মোঃ শহীদুলজামান খোকন
গোহাইলকান্দি
ময়মনসিংহ।

বিদ্যালয়টির মেরামত কাজ

কেন্দ্রীয়া উপজেলার ১২ নং রোয়াইলবাড়ী ইউনিয়নের অন্তর্গত উত্তর রাজনগর সরকারী প্রাথমিক বিদ্যালয়টির ছাদে ফাটল ধরা ও ধসে পড়ার উপক্রম দেখা দিলে কর্তৃপক্ষ বিদ্যালয়টির মেরামতের জন্য মঞ্জুরী দান করেন। ঠিকাদার চলতি বাংলা সনের বৈশাখ মাস হতে বিদ্যালয়টির মেরামতের কাজে হাত দেন এবং ছাদ ভেঙ্গে দেয়ালের উপর টিনশেড করার জন্য কাঠের চাল দু'খানা

কবে শেষ হবে?

বহুদিন যাবৎ টেনে রেখে এ পর্যন্ত কাজ বন্ধ রাখেন। এতে দেয়ালের উপর টানানো চালের কাঠগুলো রোদ-বৃষ্টিতে গচে ও ফেটে যাচ্ছে। এদিকে ছেলেমেয়েদের পড়াশোনায় বিঘ্ন সৃষ্টি হয়েছে। তাই অবিলম্বে মেরামত কাজ সমাপ্ত করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

—মোঃ আবদুল হাই বাচ্চু
কেন্দ্রীয়া, নেত্রকোনা।